



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(বীজ বিতরণ বিভাগ)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং- ১২.০৬.০০০০.২৭৫.৯৯.০০৮.১৯/১৬০

তারিখঃ

২৬ শ্রাবণ ১৪২৬
০৭ আগস্ট ২০১৯

বরাবর

উপপরিচালক (বীজ বিপণন)

বিএডিসি,.....(সকল)।

বিষয়ঃ ২০১৯-২০ বিতরণ বর্ষে (খরিফ-২ মৌসুমে) বিক্রির জন্য মাসকলাই বীজের অঞ্চলওয়ারি বিতরণ কর্মসূচি।

ডাল ও তৈলবীজ বিভাগের আওতায় ২০১৮-১৯ বর্ষে উৎপাদিত ভিত্তি শ্রেণির ৪০.৫৮৪ মে.টন এবং মানঘোষিত শ্রেণির ৩৩৬.৩০০ মে.টন সহ মোট ৩৭৬.৮৮৪ মে.টন মাসকলাই বীজ বিভিন্ন ডাল ও তৈলবীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে মজুদ আছে। ডাল ও তৈলবীজ বিভাগের ২০১৯-২০ উৎপাদন বর্ষে নিজস্ব উৎপাদনে ব্যবহারের জন্য ১১.৪০০ মে.টন ভিত্তি শ্রেণির বীজ, বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য ০.৬০০ মে. টন ভিত্তি শ্রেণির বীজ, চাষি পর্যায়ে ডাল তেল ও মসলা বীজ উৎপাদন ও সংরক্ষণ প্রকল্পে ব্যবহারের জন্য ৯.০০০ মে. টন ভিত্তি শ্রেণির বীজ সংরক্ষিত রাখা হয়েছে। বীজ বিতরণ বিভাগের মাধ্যমে বিতরণের জন্য ভিত্তি শ্রেণির ১৯.৫৮৪ মে.টন এবং মানঘোষিত শ্রেণির ৩৩৬.৩০০ মে.টন সহ মোট ৩৫৬.৮৮৪ মে.টন মাসকলাই বীজ রাখা হয়েছে। বীজ বিতরণ বিভাগ কর্তৃক খরিফ-২/২০১৯-২০ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রগোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য ডিএইচ চাহিদা ধাপেধে ২০০.০০০ মে. টন মাসকলাই বীজের অঞ্চল ও জেলাওয়ারি মাসকলাই বীজের বরাদ্দ দেয়া হয়েছে। ডিএইচ রাজস্ব খাতের অর্থায়নে প্রদর্শনী স্থাপনের জন্য ১.৫০০ মে. টন মানঘোষিত শ্রেণির মাসকলাই বীজ সংরক্ষিত রাখা হলো। অবশিষ্ট ১৫৪.৩৮৪ মে.টন বিভিন্ন শ্রেণির মাসকলাই বীজ বিক্রির লক্ষ্যে পরিশিষ্ট "ক" অনুযায়ী অঞ্চলওয়ারি বরাদ্দসূচি জারি করা হলো। কর্মসূচি প্রস্তুত কালে বীজের মজুদ, বিভিন্ন অঞ্চলে বপনের উপযুক্ততা, অঞ্চলের চাহিদা এবং বিগত বছর সমূহে বিক্রির ব্যাধি ইত্যাদি বিষয়ের উপর ভিত্তি করে এ বিতরণ কর্মসূচি প্রণয়ন করা হলো। বীজ বিপণনকালে নিম্নে বর্ণিত বিষয় সমূহ অনুসরণ করতে হবে।

- ২। উপপরিচালক (বীবি) এই কর্মসূচি পাওয়ার পর সংশ্লিষ্ট যুগ্মপরিচালক (বীবি) এবং অঞ্চলের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সাথে পরামর্শ করে বীজের বরাদ্দ, অঞ্চলবীন জেলা/উপজেলায় বপনের উপযুক্ততা ও চাহিদা ইত্যাদি বিষয়গুলোর উপর গুরুত্ব দিয়ে অঞ্চলের বিক্রয় কর্মসূচি প্রণয়ন করবেন।
- ৩। সিনিয়র সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (বীজ বিপণন) বীজের বরাদ্দ প্রাপ্তিরপর সংশ্লিষ্ট উপজেলা নিবাহী কর্মকর্তা/উপজেলা কৃষি কর্মকর্তাকে বীজ প্রাপ্তি সম্পর্কে লিখিত ভাবে অবহিত করবেন।
- ৪। বীজ বিতরণ শুরু করার পূর্বে অঞ্চলের জেলা প্রশাসক, উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণের সাথে যোগাযোগ পূর্বক কৃষি পুনর্বাসন এবং অন্যান্য কর্মসূচির যদি কোন চাহিদা থাকে তা অগ্রাধিকার ভিত্তিতে সরবরাহ নিশ্চিত করবেন। অনির্দিষ্ট সময়ের জন্য বীজ ধরে রাখা যাবে না এবং সদর দপ্তরের নির্দেশ ব্যতীত কোন বীজ ধরে বা বাকিতে সরবরাহ করা যাবে না।
- ৫। বরাদ্দকৃত বীজ "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে আঞ্চলিক বীজ বিক্রয় কেন্দ্র হতে বীজ ডিলার এবং জেলা/উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র হতে কৃষকদের মাঝে সরাসরি বিক্রি করতে হবে।
- ৬। বীজ ডিলারদের মাধ্যমে বিক্রির জন্য আঞ্চলিক বীজ বিক্রয় কেন্দ্রে পর্যাপ্ত পরিমাণ বীজ মজুদ রাখতে হবে।
- ৭। নির্দিষ্ট তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলার বীজ ডিলারগণ সংস্থার বিধি মোতাবেক বীজ উত্তোলন না করলে তাদের জন্য অপেক্ষা না করে বীজ "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে অন্য বীজ ডিলারদের মধ্যে বিতরণ করতে হবে।
- ৮। বীজ ডিলারগণের চাহিদা ও বীজ বিতরণ অগ্রগতি প্রত্যক্ষ করে বীজ বিক্রয় কেন্দ্রে বীজ পাঠাতে হবে যাতে প্রেরিত বীজ অধিক্রমিত থাকার কারণে ফেরৎ আনতে না হয়। বরাদ্দকৃত সমুদয় বীজ মৌসুমের মধ্যেই সংস্থার নির্ধারিত মূল্যে বিক্রি শেষ করতে হবে।
- ৯। উপপরিচালক (বীবি) মৌসুমের মধ্যে সমুদয় বীজ বিক্রির সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করবেন এবং মজুদ ও বিক্রির অগ্রগতি প্রত্যক্ষ পূর্বক বিক্রয়লক্ষ্য অর্থ নিয়মিত সংস্থার নির্ধারিত হিসাবে জমা দানের ব্যাপারে নিশ্চয়তা বিধান করবেন যাতে কোন আর্থিক অনিয়ম সংগঠিত না হয়।

১০। যুগ্মপরিচালক (বীবি) তাঁর আওতাধীন অঞ্চলসমূহের কর্মসূচি সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনবোধে বীজ বিতরণ বিভাগের অতিরিক্ত মহাব্যবস্থাপক এর পরামর্শক্রমে অঞ্চলে বরাদ্দকৃত বীজের আন্তঃঅঞ্চল বরাদ্দ সময়সীমা এবং পুনর্বিন্যাস

- ১১। যুগ্মপরিচালক (বীবি) তাঁর আওতাধীন বীবি অঞ্চলসমূহে মৌসুমের মধ্যেই বরাদ্দকৃত সমুদয় বীজ সুষ্ঠুভাবে বিক্রি এবং কোন আর্থিক অনিয়ম সংঘটিত না হয় সে জন্য বীজ বিক্রির সামগ্রিক কার্যক্রম নিবিড় ভাবে মনিটর করবেন। এলক্ষ্যে অঞ্চলসমূহে নিয়মিত পরিদর্শন পূর্বক বীজ বিক্রি সংক্রান্ত যাবতীয় রেকর্ড/রেজিস্টারসমূহ যাচাই ও পরীক্ষা করবেন। বীজ বিক্রয়লব্ধ টাকা সংস্থার খাতে জমা প্রদান ও সদর দপ্তরে স্থানান্তরের বিষয়টি নিশ্চিত করবেন। অঞ্চলসমূহের বীজ বিক্রি, টাকা জমা ও স্থানান্তর সংক্রান্ত ফসলভিত্তিক অঞ্চলওয়ারি একিত্বিত মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের প্রথম শুভাহের মধ্যে অবশ্যই সদর দপ্তরের বীজ বিতরণ বিভাগে দাখিল করবেন।
- ১২। মেসকশ বীজ ডিলার বীজ বরাদ্দ পেয়ে বীজ উত্তোলন করবেন তাদের নাম ঠিকানা উল্লেখ করে উপপরিচালক (বীজ বিপণন) সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার, সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জেলা প্রশাসককে অবহিত করবেন এবং সকলের অবগতির জন্য তালিকা নোটিশ বোর্ডে প্রদর্শন করবেন।
- ১৩। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, টাকা স্মারক নং-১০৭৮, তারিখঃ-৪ জুন ২০১৭ মূলে জারিকৃত বীজ ডিলারদের বীজ সরবরাহের নিয়মাবলি এবং ডিলারের করণীয় সংক্রান্ত নিয়মাবলি যা ১ জুলাই ২০১৭ তারিখ থেকে কার্যকর হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি উপপরিচালক (বীবি) মনিটর করবেন।
- ১৪। বিএডিসির ওদাম হতে বীজ উত্তোলন করে আমার পর বীজ ডিলার নিজ উদ্যোগে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে বীজের আগমনী বার্তা (Arrival report) প্রদান করে মৌসুমের মধ্যেই সমুদয় বীজ বিক্রির ব্যবস্থা নিবেন। ডিলার কর্তৃক এতদসংক্রান্ত নির্দেশ পালনের বিষয়টি উপপরিচালক (বীজ বিপণন) নিশ্চিত করবেন।
- ১৫। উপপরিচালক (বীবি) ডাল ও তৈলবীজের বরাদ্দসূচি ও প্রেরণসূচি পাওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট অঞ্চলের উপপরিচালক/সিনিয়র সহকারী পরিচালক (ডাল ও তৈলবীজ) এর সাথে যোগাযোগ করে যথাসময়ে প্রয়োজনীয় পরিমাণ বীজ প্রাপ্তি নিশ্চিত করবেন।
- ১৬। যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ) বরাদ্দ অনুযায়ী অঞ্চলসমূহের উপপরিচালক (বীবি) এর নিকট যথাসময়ে কর্মসূচির বীজ নৌহানোর নিশ্চিত্য বিধান করবেন। বীজ প্রেরণের সময় বীজের বিশিষ্টতা ও চাষাবাস সম্পর্কিত প্রয়োজনীয় সংখ্যক লিফলেট সরবরাহের ব্যবস্থা নিবেন।
- ১৭। কৃষকগণ হাতে সরজে, সঠিক সময়ে এবং গরুর সর্ধারিত মূল্যে বীজ পান তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ১৮। বীজ বিতরণ বিভাগ বীজ বিক্রয়ের কার্যক্রম নিবিড়ভাবে মনিটর করবেন।
- ১৯। বীজ বিতরণ বিভাগের ৬ অংশটি ২০১৯ তারিখে ১২৬ নং স্মারকে জারিকৃত চাষি পর্যায় এবং ডিলার পর্যায় নির্ধারিত ডাল ও তৈল বীজের বিক্রয় মূল্য অনুসরণ করতে হবে এবং ডিলারদের নিকট থেকে ডিলার পর্যায় বিক্রয় মূল্য ও চাষি পর্যায় বিক্রয়মূল্য পার্থক্যের উপর ৩% হারে উৎসে আয়কর কর্তন করে যথাসময়ে আয়কর অফিস জমাদানের ব্যবস্থা নিতে হবে।

(মোঃ মুরনবী সরদার)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

স্মারক নং :- ১২.০৬.০০০০.২৭৫.৯৯.০০৮.১৯/১৬৫ (৪২)

তারিখঃ ০৭ আগস্ট ২০১৯

অমূল্যপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মহাব্যবস্থাপক (বীজ/এএসসি/পাটবীজ/উদ্যান), বিএডিসি, ঢাকা।

২। যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ), বিএডিসি, ঢাকা। বরাদ্দ মোতাবেক বীজ প্রেরণের জন্য অনুরোধ করা হল।

৩। জন্মসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৪। যুগ্ম পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/যশোর/বরিশাল।

৫। প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা। বরাদ্দসূচি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মোস্তাফিজুর রহমান)
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

২। মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ঢাকা।


৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী কর্মকর্তা, খামারবাড়ি, ঢাকা।


৪। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/ক্ষুদ্র সেচ/সার ব্যবস্থাপনা/অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।


২০১৯-২০ বিতরণ বর্ষে খরিপ-২ মৌসুমে মাসকলাই বীজের অঞ্চলওয়ারি বরাদ্দসূচি


পরিমাণঃ মে.টন


ক্রঃ নং	অঞ্চলের নাম	বারিমা-৩		
		ভিত্তি	মানঘোষিত	মোট
১	ঢাকা	০.০০০	৭.৪০০	৭.৪০০
২	ময়মনসিংহ	০.০০০	২.৪০০	২.৪০০
৩	জামালপুর	০.০০০	৮.৫০০	৮.৫০০
৪	কিশোরগঞ্জ	১.০০০	৯.০০০	১০.০০০
৫	টাঙ্গাইল	১.০০০	১৯.০০০	২০.০০০
৬	নোয়াখালী	০.০০০	১.৫০০	১.৫০০
৭	কুমিল্লা	১.০০০	৫.৪০০	৬.৪০০
৮	সিলেট	০.০০০	১.০০০	১.০০০
৯	রাজশাহী	০.০০০	৩.০০০	৩.০০০
১০	পাবনা	১০.৫৮৪	২১.০০০	৩১.৫৮৪
১১	বগুড়া	১.০০০	৩.৬০০	৪.৬০০
১২	রংপুর	১.০০০	১৬.০০০	১৭.০০০
১৩	দিনাজপুর	০.০০০	১.০০০	১.০০০
১৪	খুলনা	১.০০০	৯.০০০	১০.০০০
১৫	যশোর	১.০০০	১১.০০০	১২.০০০
১৬	কুষ্টিয়া	২.০০০	১৬.০০০	১৮.০০০
অঞ্চলের সর্বমোট বরাদ্দ :-		১৯.৫৮৪	১৩৪.৮০০	১৫৪.৩৮৪


 মোঃ তোহিদুল করিম
 সহকারী বরাদ্দ
 বীজ : তরণ বিভাগ
 বিএডিসি, ঢাকা।


 মোঃ জন্মতুল নাহার
 উপ-ব্যবস্থাপক (বীজ)
 বীজ বিতরণ বিভাগ
 বিএডিসি, ঢাকা।


 মোঃ ফারুক
 ব্যবস্থাপক (বীজ)
 বিএডিসি, ঢাকা।


 মোঃ মোস্তাফিজুর রহমান
 অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ)
 বীজ বিতরণ বিভাগ
 বিএডিসি, ঢাকা।


 কৃষিবিদ মোঃ নূর নবী সরদার
 (পরিচিতি নং-০২০০৮১)
 মহাব্যবস্থাপক (বীজ)
 বিএডিসি, ঢাকা।
 ফোনঃ ০২-৯৫৫২৩১৭